অতীব জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৫
www.lawjusticediv.gov.bd

নং ১০.০০.০০০০.১২৯.১৮.০১৬.১৬-৩৯০

তারিখঃ ২৮ চৈত্র ১৪২৫ বঙ্গাব্দ
১১ এপ্রিল ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয় : সারাদেশে 'জাতীয় আইনগত সহায়তা দিবস ২০১৯' উদযাপন প্রসঙ্গে।
সূত্র : ০৪.০০.০০০০.৩১১.০৬.১০৩.১৩.৯৭(৩), তারিখ : ২৯.০১.২০১৩, মন্ত্রিপরিষদ বিভাগ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগের সূত্রোক্ত স্মারকমূলে সরকার ২৮ এপ্রিল তারিখ-কে 'জাতীয় আইনগত সহায়তা দিবস' ঘোষণা করেছে। এ প্রেক্ষিতে আগামী ২৮ এপ্রিল, ২০১৯ খ্রিস্টাব্দ তারিখ দিবসটি সারাদেশে যথাযোগ্য মর্যাদায় উদযাপনের নিমিত্ত আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের পক্ষ থেকে ব্যাপক প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। দিবসটির কেন্দ্রীয় উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের **মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা**।

২। এমতাবস্থায়, দরিদ্র, নিঃস্ব ও সুবিধাবঞ্চিত মানুষের আইনগত অধিকার প্রতিষ্ঠায় প্রতিটি জেলা, উপজেলা ও ইউনিয়ন লিগ্যাল এইড কমিটি কর্তৃক আয়োজিত অনুষ্ঠানসমূহে প্রয়োজনীয় নিরাপত্তা প্রদান এবং পোস্টারিং, ব্যানার সাঁটানো, মাইকিং কার্যক্রমে মহানগর, জেলা ও থানা পর্যায়ে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য নির্দেশক্রমে সংশ্লিষ্ট সকলকে বিশেষ অনুরোধ করা হলো।

১১.০৪.২০১৯

(তৈয়বুল হাসান)
সিনিয়র সহকারী সচিব (প্রশাসন)
section5@lawjusticediv.gov.bd
ফোন: ৯৫৭৭৪২০

সদয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১ মহা-পুলিশ পরিদর্শক, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।
২ পুলিশ কমিশনার (সকল)...
৩ ডিআইজি (সকল রেঞ্জ)...
৪ পুলিশ সুপার (সকল জেলা)..
৫ অফিসার ইন-চার্জ (সকল থানা)...

সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১ সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
২ পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ১৪৫ নিউ বেইলী রোড, ঢাকা।
৩ প্রধানমন্ত্রীর সহকারী একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
৪ মাননীয় মন্ত্রী'র একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৫ মাননীয় মন্ত্রী'র একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৬ সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
৭ জনসংযোগ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৮ প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ।
৯ যুগ্ম সচিব (প্রশাসন-১/২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।
১০ উপ-সচিব (প্রশাসন-১/২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।
১১ অফিস কপি